# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫৯৯

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২. প্রথম অনুচ্ছেদ - প্রথম ওয়াক্ত হওয়ার সঙ্গে সঙ্গে সালাত আদায়

## بَابُ تَعْجِيْلِ الصَّلَوَاتِ

আরবী

وَعَن قَتَادَة وَعَن أَنَسٍ: أَنَّ نَبِيَّ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَزَيْدَ بْنَ ثَابِتٍ تَسَحَّرَا فَلَمَّا فَرَغَا مِنْ سَحُورِهِمَا قَامَ نَبِيُّ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِلَى الصَّلَاةِ فَصَلَّى. قُلْنَا لِأَنَسٍ: كَمْ كَانَ بَيْنَ فَرَاغِهِمَا مِنْ سَحُورِهِمَا وَدُخُولِهِمَا فِي الصَّلَاةِ؟ قَالَ: قَدْرُ مَا يَقْرَأُ الرَّجُلُ خَمْسِينَ آيَةً. رَوَاهُ الْبُخَارِيّ

বাংলা

৫৯৯-[১৩] ক্বাতাদাহ্ (রহঃ) আনাস (রাঃ) হতে বর্ণনা করেছেন। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ও যায়দ ইবনু সাবিত (রাঃ) (সিয়াম পালনের জন্য) সাহরী খেলেন। সাহরী শেষ করে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম (ফজরের) সালাতে দাঁড়িয়ে গেলেন এবং সালাত (সালাত/নামায/নামাজ) আদায় করলেন। আমরা আনাস (রাঃ) কে জিজ্ঞেস করলাম, এ দু’জনের খাবার পর সালাত (সালাত/নামায/নামাজ) শুরু করার আগে কি পরিমাণ সময়ের বিরতি ছিল? তিনি উত্তরে বলেন, এ পরিমাণ বিরতির সময় ছিল যাতে একজন পঞ্চাশ আয়াত তিলাওয়াত করতে পারে। (বুখারী)[1]

ফুটনোট

[1] সহীহ : বুখারী ৫৭৬, নাসায়ী ২১৫৫, আহমাদ ১৩৪৬০।

ব্যাখ্যা

ব্যাখ্যা: এ হাদীস তাগলীস মুস্তাহাব হওয়ার দলীল। ফাজর (ফজর) সালাতের প্রথম শর্ত হলো ফাজর (ফজর) উদিত হওয়া। এ সময়েই সওম পালনের নিয়্যাতকারীদের জন্য খাওয়া ও পান করা নিষিদ্ধ হয়ে যায়। আর সাহরী খাওয়া শেষ করা এবং ফাজরের (ফজরের) সালাতে দাঁড়িয়ে যাওয়ার মাঝে পার্থক্য ছিল কুরআনের পঞ্চাশ আয়াত

তিলাওয়াত করার সময় বা এর কাছাকাছি সময়। যাতে কোন ব্যক্তির উযূ (ওযু/ওজু/অজু) করে আসতে পারে। এ ঘটনা দ্বারা বুঝা যায় যে, ফাজর (ফজর) উদিত হওয়ার সময়ই ফাজরের (ফজরের) সালাতের প্রথম ওয়াক্ত। আর এ সময়েই অন্ধকারে নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ফাজরের (ফজরের) সালাতে দাঁড়াতেন।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=55156

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন